

# যুগান্তর

প্রিন্ট: ০৯ নভেম্বর ২০২৫, ০৯:০৪ এএম

শিক্ষাঙ্গন

## শিক্ষক আন্দোলনে একাত্মতা প্রকাশ ডাকসু জিএসের



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৭ নভেম্বর ২০২৫, ১০:১২ এএম



ডাকসু জিএস ফরহাদ হোসেন।

সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত শিক্ষকদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন ডাকসুর জিএস ফরহাদ হোসেন।

বৃহস্পতিবার (৬ নভেম্বর) জাতীয় প্রেসক্লাবের সামনে ষষ্ঠ দিনের মতো অবস্থান কর্মসূচিতে ফরহাদ হোসেন একাত্মতা প্রকাশ করে বক্তৃতা দেন।

ডাকসু জিএস বলেন, শিক্ষকদের দাবি অত্যন্ত ন্যায্য এবং যৌক্তিক। অবিলম্বে তাদের দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বানও জানান তিনি।

এ সময় আন্দোলনরত শিক্ষকরা জানান, দাবি আদায় না হলে প্রয়োজনে কঠোর কর্মসূচি দেওয়া হবে।

তারা আরও জানান, দীর্ঘদিন আগে স্বীকৃতি পেলেও তাদের প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত হয়নি। এর ফলে শিক্ষক-কর্মচারীরা সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত থেকে মানবেতর জীবনযাপন করছেন।

### হাসিনার আজীবন সদস্যপদ বাতিল হচ্ছে

এর আগে, মঙ্গলবার (৪ নভেম্বর) যমুনা অভিমুখে শিক্ষকরা পদযাত্রা বের করলে পুলিশ তা আটকে দেয়। পরে শিক্ষকদের একটি প্রতিনিধি দল যমুনায় গেলে তাদের বুধবার (৫ নভেম্বর) দুপুরের মধ্যে সিদ্ধান্ত জানানো হবে বলে আশ্বস্ত করা হয়। কিন্তু বুধবার গড়িয়ে বৃহস্পতিবারও দাবিদাওয়া মেনে নেয়নি সরকার।

এদিকে, প্রেসক্লাবের একই স্থানে অনতিবিলম্বে সব অটিস্টিক ও প্রতিবন্ধি বিদ্যালয়ের স্বীকৃতি ও এমপিওভুক্তি প্রদান, প্রতিবন্ধিবান্ধব অবকাঠামো নিশ্চিত করা এবং শিক্ষা উপবৃত্তি তিন হাজার টাকা নিশ্চিত করাসহ পাঁচ দফা দাবিতে ১৩ তম দিনের মতো বিক্ষোভ করছেন প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষকরা।